বিষয়: সম্পত্তি ব্যবস্থাপনা অফিসের সাথে সম্পর্কিত COVID-19 আপডেট

NYCHA এর প্রিয় বাসিন্দা,

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) করোনাভাইরাস (COVID-19) পর্যবেক্ষণ করার জন্য NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের (Department of Health and Mental Hygiene, DOHMH) সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে, এবং তাদের নির্দেশনার ভিত্তিতে, আমাদের বাসিন্দা ও কর্মীদের স্বাস্থ্য ও সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়া এবং COVID-19 ছড়িয়ে পড়া বন্ধ করতে সাহায্য করার জন্য কর্তৃপক্ষ যে সব নতুন পদক্ষেপগুলি গ্রহণ করছে, আমরা আপনাকে সেগুলির বিষয়ে জানাতে চাই।

আমাদের সবগুলি উন্নয়নে নিরন্তর বুনিয়াদী ও আপৎকালীন পরিষেবাগুলি সুনিশ্চিত করার জন্য আমরা সযত্নে কাজ করছি।

17 মার্চ মঙ্গলবার থেকে শুরু করে, NYCHA–এর সম্পত্তি ব্যবস্থাপনা অফিসগুলিখোলা থাকবে, কিন্তু DOHMH এর নির্দেশনা অনুযায়ী সামাজিক দূরত্ব বজায় রাখার অভ্যাস বাড়ানোর একটি প্রয়াস হিসেবে বাসিন্দাদের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগের মাধ্যমে সাক্ষাৎগুলি স্থগিত রাখবে। সম্পত্তি অফিসের কর্মীরা টেলিফোন, ইমেল দ্বারা এবং রিসেপশন ডেস্কের পিছন থেকে কর্মীদের সঙ্গে কথা বলার জন্য সূচিভুক্ত অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে বাসিন্দাদের সহায়তা করা চালিয়ে যাবেন। যদি না সম্পূর্ণরূপে আবশ্যক হয়, তাহলে অনুগ্রহ করে বিনা অ্যাপয়েন্টমেন্টে আপনার সম্পত্তি ব্যবস্থাপনা অফিসে আসবেন না। আমরা এই নীতিটি 30 দিনে পুনর্মূল্যায়ন করব।

**সম্পত্তি ব্যবস্থাপনা অফিসগুলি এই ধরনের পরিষেবার জন্য উপলব্ধ থাকবে:**

- **অফিসে বা ইমেলের মাধ্যমে নথিপত্র গ্রহণ করা; <u>একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি স্থির করার জন্য ফোন করুন</u>।**
- **ফোনের মাধ্যমে বা অফিসে গোপনীয় তথ্য আলোচনা করা; <u>একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি স্থির করার জন্য ফোন করুন</u>।**
- **বাড়ি খালি করা ও চাবি ফেরত দেওয়ার অভিপ্রায় জানিয়ে বিজ্ঞপ্তি, অথবা সিলিন্ডার/মেলবক্স পরিবর্তন বা চাবির কপির জন্য অনুরোধগুলি গ্রহণ করা; <u>বাড়িতে পৌঁছে দেওয়া বা এসে সংগ্রহ করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি স্থির করতে ফোন করুন</u>।**
- **বার্ষিক উইন্ডো গার্ড নোটিশ (Annual Window Guard Notice) এবং 6 বছরের কম বয়স্ক শিশু বিষয়ক সমীক্ষার ফোন বা ইমেল দ্বারা প্রত্যুত্তর গ্রহণ করা।**

পরিবর্তিত পরিষেবাগুলির সময়, এবং আপনার উন্নয়নগুলিতে যদি কর্মী কমে যায়, সেই ক্ষেত্রে আমরা আপনার সহযোগিতা চাইছি।
NYCHA কর্মীরা উন্নয়নগুলিতে ও অ্যাপার্টমেন্টে **আপৎকালীন** রক্ষণাবেক্ষণ ও মেরামত করা চালিয়ে যাবেন।

আপৎকালীন পরিস্থিতির সংজ্ঞা নিম্নরূপ:

- জল চুঁইয়ে পড়া
- গ্যাস লীক
- বিদ্যুতের স্থানীয় সমস্যা
- স্টপেজ
- বিপজ্জনক অবস্থা (যেমন বৈদ্যুতিক সমস্যা বা আগুনের বিপদ)

তবে, পরিদর্শন ও সূচিভুক্ত রক্ষণাবেক্ষণের অনুরোধগুলি সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে; এই অ্যাপয়েন্টমেন্টগুলি পুনরায় সূচিভুক্ত করা হবে। এছাড়াও, তাপ, গরম জল/পানি ও জল/পানির সব পরিকল্পিত আউটেজগুলি পরবর্তী বিজ্ঞপ্তি পর্যন্ত স্থগিত রাখা হবে। কাজের অর্ডারের সময়সূচি পুনঃস্থির করা এবং আপৎকালীন মেরামতের অনুরোধগুলি জমা দেওয়ার জন্য বাসিন্দাদের উচিত MyNYCHA ব্যবহার করা।

অনুগ্রহ করে অবহিত থাকুন যে আপনার যদি **আপৎকালীন** রক্ষণাবেক্ষণ প্রয়োজন হয়, সেই ক্ষেত্রে NYCHA কর্মীরা অ্যাপার্টমেন্টে প্রবেশ করার আগে নিম্নলিখিত সতর্কতামূলক পদক্ষেপগুলি নেবেন:

**NYCHA কর্মীরা জিজ্ঞাসা করবেন যে** পরিবারের কারও জ্বর, কাশি বা শ্বাসকষ্ট আছে কিনা অথবা কারও COVID-19 নিশ্চিতভাবে ধরা পড়েছে কিনা। যদি কোনো বাসিন্দা এই প্রশ্নের উত্তরে "হ্যাঁ" বলেন, তাহলে তাকে এগুলি করতে বলা হবে:

1. আপৎকালীন মেরামতটি সম্পূর্ণ না হওয়া পর্যন্ত দরজা বন্ধ রেখে একটি আলাদা ঘরে থাকা (যেখানে সম্ভব); অথবা
2. যদি একটি আলাদা ঘর না থাকে, সেই ক্ষেত্রে আপৎকালীন মেরামতটি সম্পূর্ণ না হওয়া পর্যন্ত কর্মীদের থেকে কমপক্ষে ছয় ফুটের দূরত্ব বজায় রাখা।

আপনি যদি প্রশ্নগুলির উত্তর না দেওয়ার সিদ্ধান্ত নেন এবং/বা ওপরের নির্দেশগুলি না মানতে চান, তাহলে NYCHA অ্যাপয়েন্টমেন্টের নতুন সময়সূচি স্থির করবে।

অনুগ্রহ করে আরও অবহিত থাকুন যে মেরামত করার জন্য আপনার অ্যাপার্টমেন্টে পরিদর্শনরত NYCHA কর্মী আপনার অ্যাপার্টমেন্টে কাজ করার সময় মাস্ক বা দস্তানা পরে থাকতে পারেন। মেরামতের সময় হাওয়া চলাচল বাড়ানোর জন্য তারা আপনার অ্যাপার্টমেন্টের জানলাগুলি খুলে দিতেও বলতে পারেন।

অবশেষে, করোনাভাইরাস (COVID-19) ছড়িয়ে পড়া আটকানো এবং নিউ ইয়র্কবাসীদের সুস্থ ও নিরাপদ রাখার লক্ষ্যে NYCHA বয়োজ্যেষ্ঠ মানুষদের বিল্ডিংগুলি পরিষ্কার করার জন্য একজন ঠিকাদার নিয়োগ করেছে।

দুটি ধাপের তীব্র সাফাই প্রক্রিয়ার প্রথম ধাপ হিসেবে, 15 মার্চ শনিবার পর্যন্ত বয়োজ্যেষ্ঠ মানুষদের জন্য 71 টি বিল্ডিং-এর সবগুলি পরিষ্কার করা হয়েছে।

বয়োজ্যেষ্ঠ নন এমন মানুষদের বাসস্থানগুলি প্রতিদিন আরও বেশি ঘন ঘন পরিষ্কার করা হচ্ছে, অভ্যন্তরীণ কর্মী ও কেয়ারটেকার এবং অতিরিক্ত সাফাই পরিষেবা কোম্পানিগুলির দ্বারা সম্মিলিতভাবে। আমাদের সব উন্নয়নগুলি জুড়ে এটা করা হচ্ছে, যার অন্তর্ভুক্ত হল সম্পত্তি ব্যবস্থাপনা অফিস, লবি ও সর্বজনীন স্থানগুলি। মাঠের রক্ষণাবেক্ষণ, মেঝে ঝাঁট দেওয়া, ছাদ পরীক্ষা করা ও আবর্জনা সরানোর জন্য আমাদের প্রায় 3,200 জন কেয়ারটেকার দায়িত্বশীল।

আমরা বাসিন্দাদের সঙ্গে সরাসরি যোগাযোগ করার মাধ্যমে COVID-19 বিষয়ক তথ্য উপলভ্য করানো অব্যাহত রেখেছি, যেমন রোবোকল, ইমেল, বহুভাষিক পোস্টার, MyNYCHA, সোশ্যাল মিডিয়াতে দৈনিক পোস্ট, এবং বাসিন্দা, কর্মী ও প্রকাশ্য ওয়েবসাইটগুলিতে পোস্টের মাধ্যমে।

আমরা বাসিন্দাদের অনুরোধ করছি তাদের লেনদেনগুলি সম্পূর্ণ করার জন্য আমাদের স্বয়ংক্রিয় ও অনলাইন সিস্টেমগুলি ব্যবহার করতে, যার অন্তর্ভুক্ত হল MyNYCHA, স্বয়ং-পরিষেবার পোর্টাল (Self-Service Portal) ও কিয়স্কগুলি। বাসিন্দারা তাদের অ্যাপার্টমেন্টে ও উন্নয়নে আপৎকালীন পরিস্থিতির বিষয়ে জানাতে এবং আপৎকালীন রক্ষণাবেক্ষণমূলক মেরামতগুলির সময়সূচি স্থির করতে 718-707-7771 নম্বরে গ্রাহক যোগাযোগ কেন্দ্র (Customer Contact Center, CCC)–কে ফোন করতেও পারেন। আপৎকালীন পরিস্থিতি সামলানো এবং গতানুগতিক রক্ষণাবেক্ষণমূলক মেরামতের সময়সূচি স্থির করার জন্য প্রশিক্ষিত প্রতিনিধিরা সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সকাল 6 টা থেকে মধ্যরাত্রি পর্যন্ত সপ্তাহের 7 দিনই, প্রতিদিন 24 ঘন্টা প্রস্তুত আছেন।

আপনার ভাড়া পরিশোধ করার জন্য আটটি উপায় আছে, যার অন্তর্ভুক্ত হল ডাকযোগে, MyNYCHA, অনলাইন ও ফোনের মাধ্যমে। কীভাবে আপনার ভাড়া পরিশোধ করা যায় সেই বিষয়ে আরো জানতে on.nyc.gov/payrent দেখুন: NYCHA–এর ভাড়া পরিশোধের কষ্ট বিষয়ক বিদ্যমান নীতি (rental hardship policy) অনুযায়ী, যে সব পরিবার উপার্জন হারানোর সমস্যায় ভুগছেন তাদেরকে NYCHA স্বয়ং–পরিষেবার পোর্টালে গিয়ে অথবা একটি কাগজের ফর্মের অনুরোধ করার জন্য আমাদের সম্পত্তি ব্যবস্থাপনা অফিসে ফোন করে, হ্রাস পাওয়া যে কোনো আয়ের জন্য একটি অন্তর্বর্তী পুনঃপ্রত্যয়ন (Interim Recertification)–এর অনুরোধ করতে উৎসাহিত করা হয়, যা দুই মাসের বেশি সময় স্থায়ী হবে।

আমাদের জনসমাজগুলিকে নিরাপদে রাখার জন্য আমরা এই গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলি গ্রহণ করছি। আমরা আপনাকে COVID-19 এর বিষয়ে সাম্প্রতিক তথ্য দেওয়া চালিয়ে যাব, সেগুলি যেমন যেমন ঘটতে থাকবে। আপনার কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে CCC–কে 718-707-7771 নম্বরে ফোন করুন। আরও তথ্যের জন্য, NYCHA এর ওয়েবসাইট দেখুন।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

Greg Russ
চেয়ার ও চিফ এক্সিকিউটিভ অফিসার (Chair & Chief Executive Officer)

Vito Mustaciuolo
জেনারেল ম্যানেজার (General Manager)